

টেকসই উন্নয়ন অর্জনসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি' সদরপুর, ফরিদপুর এর

সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আহসান মাহমুদ রাসেল

উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।

সভার তারিখ ও সময়: ১৭/০১/২০২৩ খ্রি:, সকাল : ১১.০০ টা।

সভার উপস্থিতি: পরিশিষ্ট "ক" সন্নিবেশিত করা হল।


সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তবলী গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অর্জনসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিগত পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য "টেকসই উন্নয়ন অর্জনসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি" গঠন করা হয়েছে। উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরসমূহ এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কি কি কর্মপরিকল্পনা গ্রহণ করেছে ও বাস্তবায়ন করেছে সে তথ্য জানা ও সমন্বয় একান্ত আবশ্যিক।	দপ্তরসমূহ এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কি কি কর্মপরিকল্পনা গ্রহণ করেছে ও বাস্তবায়ন করেছে সে তথ্য কমিটির সদস্য সচিবকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, সদরপুর, ফরিদপুর।
২	সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে বিভিন্ন এনজিওসমূহ এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সমন্বয়সাধন ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে কাজ করে থাকে। সরকারি, বেসরকারি সংস্থাসমূহের কাজেও সমন্বয় প্রয়োজন। এনজিওসমূহের কাজ পরিবীক্ষণ করা এবং নিয়মিত সভা আয়োজন করে অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা প্রয়োজন।	সরকারি, বেসরকারি সংস্থাসমূহের কাজে সমন্বয় ও তিনমাস অন্তর সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর। ও এনজিও সংস্থাসমূহ, সদরপুর, ফরিদপুর।
৩	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপকারভোগীর একটি সমন্বিত ডাটাবেইজ থাকা প্রয়োজন। এতে একই ব্যক্তির বারবার সেবা গ্রহণের সম্ভাবনা কমে যাবে। তিনি বলেন যে, ডাটাবেইজের জন্য একটি ইউনিক ছক থাকা আবশ্যিক।	একটি সমন্বিত ডাটাবেইজ তৈরি ও ইউনিক ছক প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।
৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, এসডিজি বিষয়ে সর্বস্তরের জনগণ, সরকারি ও বেসরকারি কর্মচারী, শিক্ষক, ছাত্রছাত্রীসহ সকল শ্রেণি পেশার মানুষদের মধ্যে সচেতনতা তৈরির জন্য সভা, সেমিনার, কর্মশালার আয়োজন করা যায়।	সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, সদরপুর, ফরিদপুর। ও বেসরকারি এনজিও সংস্থাসমূহ সদরপুর, ফরিদপুর।

<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, টেকসই উন্নয়ন অভীষ্ট সমূহ অর্জনে সরকারি-বেসরকারি সর্বস্তরের সমন্বয়ের প্রয়োজন রয়েছে। সরকারি সকল দপ্তর সংস্থার মধ্যে কোন কোন প্রতিষ্ঠান ১৭টি গোলার কোন গুলো নিয়ে কাজ করেছে এবং অত্র উপজেলায় সেটির বর্তমান অগ্রগতি ও বাস্তবায়নে প্রধানতম চ্যালেঞ্জগুলো কী কী তা এ সভার আলোচনায় নিয়ে আসা প্রয়োজন এবং উদ্ভূত চ্যালেঞ্জ উত্তোরণের পথ খুঁজে বের করা আবশ্যিক।</p>	<p>টেকসই উন্নয়ন অভীষ্ট সমূহ বাস্তবায়নে প্রধানতম চ্যালেঞ্জগুলো কী কী তা সংশ্লিষ্ট দপ্তর/এনজিও গুলোকে চিহ্নিত করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</p>	<p>সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, সদরপুর, ফরিদপুর। ও বেসরকারি এনজিও সংস্থাসমূহ সদরপুর, ফরিদপুর।</p>
---	--	--

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৭.০৩.২০

(মোঃ আহসান মাহমুদ রাসেল)
সভাপতি

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)
বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি

ও
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
dss.sadarpur.faridpurrer.gov.bd


স্মারক নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৩-

২৮

তারিখঃ ০৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০২৩খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
- ৫। উপজেলা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর। (সকল দপ্তরপ্রধানগণ)
- ৬। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল)।
- ৭। জনাব/জনাবা..... সদরপুর, ফরিদপুর।
- ৮। এনজিও প্রতিনিধি..... (সকল) সদরপুর, ফরিদপুর।
- ০৯। অফিস কপি।


(কাজী শামীম আহমেদ)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)
বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি